# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 05-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

-----------------------------------------

(১) দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য আজ মনোনয়ন পত্র পরীক্ষা/ মনোনয়ন পত্র প্রত্যাহারের অন্তিম দিন আগামী সোমবার/

(২) কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্’র আগামী রবি ও সোমবার আসামের তিনটি স্থানে নির্বাচনী প্রচারে অংশগ্রহণ/

(৩) রাজ্যে লোকসভা নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলির নির্বাচনী প্রচার অব্যাহত/ডিব্রুগড়ে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার নির্বাচনী প্রচার/

এবং

(৪) জাতীয় শিক্ষানীতি-২০২০এর সঙ্গে সঙ্গতি রেখে পরীক্ষা তথা মূল্যায়ন পদ্ধতিতে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদের কিছুটা রদবদল/

---

শিলচর ও করিমগঞ্জ সহ দ্বিতীয় পর্যায়ের ৫ টি লোকসভা আসনের নির্বাচনের মনোনয়নপত্র সমুহ আজ পরীক্ষা করা হয় ।ডিফু লোকসভা আসনের ৬ জন প্রার্থীর মনোনয়ন বৈধ বলে ঘোষণা করা হয় ।ডিফুর জেলা আয়ুক্ত কার্যালয়ে মনোনয়নপত্র সমুহ পরীক্ষা করার পর বিজেপি প্রার্থী অমর সিং তিস , কংগ্রেস

প্রার্থী জয়রাম ইংলেং , এ এস ডি সির জটসন বে , এপি এইচ এল সির জে আই কাথার , বিক্রমা হানসে এবং গণ সুরক্ষা দলের প্রার্থী জন বার্নাড সাংমার মনোনয়নপত্র বৈধ বলে ঘোষণা করা হয় ।এদিকে নগাঁও লোকসভা আসনের ১৫ জন প্রার্থীর মধ্যে ২ জন প্রার্থীর মনোনয়ন নাকচ করা হয় ।এই আসনে ১৩ জন প্রার্থীর মনোনয়ন বৈধ বলে ঘোষণা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

উল্লেখ্য, লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের জন্য রাজ্যে মোট ৬৫ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন । এদিকে এই পর্যায়ের জন্য গতকাল মনোনয়নপত্র দাখিলের শেষ দিনে ৩৮ টি মনোনয়ন দাখিল করা হয় । এর মধ্যে শিলচরে দুজন , করিমগঞ্জে ২০ জন , দরং-ওদালগুরিতে ৫ জন , ডিফুতে ১ জন এবং নগাঁওয়ে ১০ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন ।এই পর্যায়ের মনোনয়ন দাখিল করা প্রার্থীদের মধ্যে রাজ্যের পরিবহন ও আবগারী মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য শিলচর আসনে , করিমগঞ্জ আসনে বিজেপি সাংসদ কৃপানাথ মালা ,এছাড়া দিলীপ শইকিয়া , কংগ্রেস সাংসদ প্রদ্যুৎ বরদলৈ , বিপিএফের দূর্গাদাস বড়ো প্রমুখ রয়েছেন ।দ্বিতীয় পর্যায়ে দেশের ১২ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৮ টি আসনের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে ।এর মধ্যে আসাম ও বিহারের পাঁচটি করে আসন , কেরালার ২০ টি , কর্ণাটকের ১৪ টি , রাজস্থানের ১৩ টি , উত্তরপ্রদেশ ও মহারাষ্ট্রের ৮ টি করে , মধ্যপ্রদেশের সাতটি , পশ্চিমবঙ্গ ও ছত্তিশগড়ের তিনটি করে , মণিপুর , ত্রিপুরা ও জম্মু ও কাশ্মীরের একটি আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------

এদিকে ৮ নম্বর শিলচর সংরক্ষিত আসনে গতকাল পর্যন্ত মোট ৮ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন । এরা হলেন ভারতীয় জনতা পার্টীর পরিমল শুক্লবৈদ্য , ভারতীয় জাতীয় কংগ্রেসের সূর্য্যকান্ত সরকার ,সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের রাধেশ্যাম বিশ্বাস ,এস ইউ সি আই’র প্রভাস চন্দ্র সরকার , বাঙালি নবনির্মাণ সেনার বারীন্দ্র কুমার দাস , নির্দল প্রার্থী রাজু দাস , অনন্ত মোহন রায় ও বহুজন মহাপার্টীর রাজীব দাস । আগামী সোমবার মনোনয়নপত্র প্রত্যাহারের অন্তিম দিন ধার্য করা হয়েছে।

----------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আগামী সাত এবং আট এপ্রিল অর্থাৎ রবি ও সোমবার নির্বাচনী প্রচারে অংশ নিতে রাজ্যে আসছেন । তাঁর এই সফরের সময়ে তিনি হোজাই, লক্ষিমপুর ও গহপুরে নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করবেন । এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৭ ই এপ্রিল নলবাড়িতে নির্বাচনী প্রচারে অংশ নেবেন বলে মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া জানিয়েছেন । বিজেপি দলের হয়ে প্রচারে মন্ত্রী স্মৃতি ইরানী, সাংসদ মনোজ তেওয়ারি ডিব্রুগড় লোকসভা আসনের দলীয় প্রার্থীর হয়ে নির্বাচনী প্রচারে আসছেন বলে শ্রী মল্লবড়ুয়া জানিয়েছেন ।

----------------------------------------------------------------------

আসামে প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য প্রচার অভিযান ক্রমশঃ জোরদার হচ্ছে । এই পর্যায়ে আগামী ১৯শে এপ্রিল ডিব্রুগড়, লক্ষিমপুর, কাজিরাঙ্গা, যোরহাট ও শোণিতপুর এই পাঁচটি আসনে ভোটগ্রহণের জন্য ব্যাপক প্রচার অভিযান চলছে । ক্ষমতাসীন বিজেপি সহ কংগ্রেস, আম আদমি পার্টি, অসম গণ পরিষদ, ইউ পি পি এল, বি পি এফ সহ অন্যান্য দল নির্বাচনী প্রচার চালাচ্ছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ ডিব্রুগড় লোকসভা কেন্দ্রে বিজেপি প্রার্থী সর্বানন্দ সনোয়ালের হয়ে নির্বাচনী সভায় অংশগ্রহণ করেছেন । তিনি ডিগবয়ে বিজয় সঙ্কল্প শোভাযাত্রায় অংশগ্রহণ করেন এবং পরে অন্যত্র নির্বাচনী জনসভায়ও যোগ দেন । লক্ষিমপুর আসনের বিজেপি প্রার্থী প্রদান বড়ুয়ার হয়ে কেন্দ্রীয় মন্ত্রী ও ডিব্রুগড় আসনের প্রার্থী সর্বানন্দ সনোয়াল জোনাইতে নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন ।

এদিকে দ্বিতীয় পর্যায়ে আগামী ২৬শে এপ্রিল অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের জন্যেও বিভিন্ন রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীরা তাদের প্রচার অভিযান অব্যাহত রেখেছেন ।

----------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনের জন্য রাজ্যের বেশকয়েকটি লোকসভা আসন এলাকায় নির্বাচন কমিশনের দ্বারা নিয়োজিত সাধারণ পর্যবেক্ষক ইতিমধ্যে পৌঁছে গেছেন । করিমগঞ্জ সংসদীয় আসনের সাধারণ পর্যবেক্ষক আদিত্য কুমার

আনন্দ করিমগঞ্জ আবর্ত ভবনে এসে উপস্থিত হয়েছেন । জনসাধারণ তাঁর সঙ্গে প্রতিদিন বিকেল তিনটা থেকে বিকেল চারটা পর্যন্ত সাক্ষাৎ করতে পারবেন । এই পর্যবেক্ষকের ফোন নম্বর হচ্ছে- ৮৪৭২০৮০০২৩। এবং ই-মেল আই ডি হচ্ছে- adityak.anand@ias.nic.in । এই আসনের নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এবং নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে তিনি আজ করিমগঞ্জের জেলা আয়ুক্তের কার্যালয়ে এক বৈঠকে অংশগ্রহণ করেন । শ্রী আনন্দের পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে করিমগঞ্জ জেলার রিটার্নিং অফিসার মৃদুল যাদব, হাইলাকান্দি জেলার আয়ুক্ত ও সহকারী রিটার্নিং অফিসার গৌতম নিসার্গ হিভারে এবং করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলার সবকটি নির্বাচনী সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা উপস্থিত ছিলেন । এতে করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলার নির্বাচনী আধিকারিকরা পোলিং বুথ, লজিস্টিক প্ল্যান, সেক্টর প্ল্যান, এস ভি ই ই পি, ভোটকর্মীদের প্রশিক্ষণ, স্ট্রং রুম, ভোটসামগ্রী বিতরণ, নিরাপত্তা বাহিনীর নিয়োগ প্রক্রিয়া, এক্সপেন্ডিচার মনিটরিং, ভোটগণনা ও পরিবহণের যাবতীয় পরিকল্পনার বিষয়ে সাধারণ পর্যবেক্ষককে অবগত করান । এই বৈঠকের আগে সাধারণ পর্যবেক্ষক শ্রী আনন্দ করিমগঞ্জ জেলার ম্যাসকট ‘কপি’র প্রতিকৃতির আনুষ্ঠানিক উন্মোচন করেন । দুর্লভ প্রজাতির এই ল্যাঙ্গুরটি দোহালিয়া সংরক্ষিত বনাঞ্চলে পাওয়া যায়। এদিনের সভায় করিমগঞ্জ লোকসভা আসনের পুলিশ অবজারভার ধরমবীর যাদবও অংশগ্রহণ করেন ।

এদিকে যোরহাট লোকসভা আসন এলাকার জন্য নিয়োজিত সাধারণ পর্যবেক্ষক এম. সত্যসারদা দেবী গতকাল শিবসাগর জেলার ডিমৌ বিধানসভা এলাকার বিভিন্ন স্থান পরিদর্শন করে নির্বাচনের প্রস্তুতি পর্যবেক্ষণ করেছেন ।

নগাঁও লোকসভা আসনের জন্য সাধারণ পর্যবেক্ষক এইচ বাসব রাজেন্দ্র আজ এই লোকসভা আসন এলাকার বিভিন্ন এলাকা পরিদর্শন করে নির্বাচনী প্রস্তুতির বিষয়ে খোঁজখবর নেন । তিনি নগাঁও লোকসভা আসনের রিটার্নিং অফিসার নরেন্দ্র কুমার শাহ্’র উপস্থিতিতে সংশ্লিষ্ট জেলা আয়ুক্তের কার্যালয়ে মনোনয়ন পত্র দাখিল এবং পরীক্ষা প্রক্রিয়া কার্যসূচী পর্যবেক্ষণ করেন ।

নির্বাচন সংক্রান্ত যেকোনো অভিযোগের জন্য সাধারণ পর্যবেক্ষককে ৮৪৭২০৪৭৮৮১ এই নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------

কাছাড়ের অতিরিক্ত আয়ুক্ত তথা এমসিসি এবং ল এন্ড অর্ডার সেলের পক্ষ থেকে জেলার সমস্ত রাজনৈতিক দলের সভাপতি , সম্পাদক এবং শিলচর আসনের সব প্রতিদ্বন্দি প্রার্থীদের এক পত্রে নির্বাচনী প্রচারের কাজে ব্যবহৃত যানবাহন ইত্যাদির বিস্তারিত তথ্য জেলা নির্বাচন আধিকারীককে জানাতে বলেছেন ।জেলা নির্বাচন আধিকারীকের অনুমোদন সাপেক্ষে যানবাহনগুলো প্রচারের কাজে ব্যবহার করা যাবে এবং অনুমোদনপত্রটি যানবাহনের সম্মুখের কাছে দর্শানো বাধ্যতামূলক । দ্বিচক্রযান , সাইকেল রিক্সা ইত্যাদির বিশদ বিবরণ সেডো অবজারভেশন রেজিষ্টারে অন্তর্ভুক্ত করার জন্য একাউন্টিং টিমের কাছে দাখিল করতে হবে ।যদি কোন বাহন নির্বাচন আধিকারীকের লিখিত অনুমোদন ছাড়া প্রচারের কাজে ব্যবহার করা হয় তবে তা দন্ডনীয় অপরাধ বলে গণ্য করা হবে ।যদি কোন প্রার্থী তার নিজের জন্য প্রদত্ত যানবাহন অন্য কোন প্রার্থীর নির্বাচনী প্রচারের কাজে বিনিময় করেন তবে সেই বাহনের অনুমোদন বাতিল করা হবে ।যদি কোন অনুজ্ঞাপত্র প্রাপ্ত বাহন দুদিনের অধিক সময় ব্যবহার করা না হয় তবে তা নির্বাচন আধিকারীককে জানিয়ে অনুমোদন প্রত্যাহার করতে হবে ।

---------------------------------------------------------------------

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ জাতীয় শিক্ষানীতি ২০২০ র সঙ্গে সঙ্গতি রেখে পরীক্ষা তথা মূল্যায়ন পদ্ধতিতে কিছুটা পরিবর্তন করেছে ।নতুন পদ্ধতি অনুযায়ি এখন থেকে দক্ষতা ভিত্তিক প্রশ্ন বেশী থাকবে এবং বর্ণনামূলক প্রশ্নের সংখ্যা কম থাকবে ।সংশোধিত নির্দেশ অনুযায়ি একাদশ এবং দ্বাদশ শ্রেণীর দক্ষতা ভিত্তিক প্রশ্ন সমুহ পূর্বের ৪০ শতাংশ থেকে বাড়িয়ে ৫০ শতাংশ করা হয়েছে এবং এধরণের প্রশ্নসমুহের একাধিক উত্তর থাকবে যা থেকে ছাত্রছাত্রীদের সঠিক উত্তর বাছাই করে নিতে হবে ।২০২৪ - ২৫ শিক্ষাবর্ষে বর্ণনামূলক প্রশ্ন সমুহ পূর্বের ৪০ শতাংশ থেকে ৩০ শতাংশে হ্রাস করা

হয়েছে ।তবে ২০২৪-২৫ শিক্ষা বর্ষে নবম এবং দশম শ্রেণীর বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্রে কোন পরিবর্তন করা হয়নি ।

---------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন বিগত নির্বাচনে কম ভোট পড়া ১১ টি রাজ্যের পৌর কমিশনার এবং বাছাই করা জেলা নির্বাচনী আধিকারীকদের সঙ্গে আজ নতুনদিল্লীতে এক বৈঠকে মিলিত হয়েছে ।বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার , নির্বাচন কমিশন জ্ঞানেশ কুমার এবং সুখবীর সিং সান্ধু অধ্যক্ষতা করেন ।বৈঠকে আসন্ন নির্বাচনে ভোটদানের হার বৃদ্ধি তথা শহরাঞ্চলের একাংশ এলাকায় কম ভোটদানের সমস্যা দূর করার ক্ষেত্রে বিশেষ কার্য পরিকল্পনা প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------

সি পি আই (এম) দল চলতি লোকসভা নির্বাচনের সময়ে বিজেপি দল রাজ্যে অরুণোদয় প্রকল্পে নতুন  হিতাধিকারীদের নাম অর্ন্তভুক্তির উদ্দেশ্যে সামাজিক-অর্থনৈতিক সমীক্ষা চালাচ্ছে বলে আসামের মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয়ে গতকাল লিখিত অভিযোগ দাখিল করেছে । তারা অভিযোগ করে আরো বলেছে যে-বিজেপি দল অরুণোদয় হিতাধিকারীদের অর্ন্তভুক্তর জন্য বিজেপি নেতার ফটো এবং দলীয় প্রতীক চিহ্ন সম্বলিত পত্র বিতরণ করছে, যা নির্বাচনী আদর্শ আচরণ বিধির পরিপন্থী । এই অভিযোগের ভিত্তিতে আসামের মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয় থেকে আজ ভারতীয় জনতা পার্টির আসাম রাজ্য কমিটির সভাপতির কাছে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

শিলচর লোকসভা আসনের পুলিশ পর্য্যবেক্ষক , ভারতীয় পুলিশ সেবার আধিকারীক ধরমবীর যাদব শিলচর এন আই টি-র ব্রহ্মপুত্র অতিথিশালায় অবস্থান করছেন ।পুলিশ পর্য্যবেক্ষকের লিয়াসঁ অফিসার হিসেবে এস আই শুভজিৎ দত্ত এবং অজিতেশ ধরকে নিয়োজিত করা হয়েছে । পুলিশ পর্য্যবেক্ষক প্রতিদিন সকাল ৯টা থেকে সকাল ১০টা পর্য্যন্ত ব্রহ্মপুত্র অতিথিশালায় জনগনের অভিযোগ শুনবেন । যোগাযোগ করতে ইচ্ছুক যেকোন

ব্যাক্তি লিয়াসঁ অফিসারদের সঙ্গে যোগাযোগ করতে পারবেন বলে পর্য্যবেক্ষক সেলের পক্ষ থেকে জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি এবং আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রে নিযূক্ত মহিলা নির্বাচনী আধিকারীকদের দ্বিতীয় পর্য্যায়ের প্রশিক্ষন কর্মশালা আজ থেকে এস এস কলেজে শুরু হয়েছে । কর্মশালায় মহিলা নির্বাচনী আধিকারীকদের মক পোলিং , ই ভি এম , ভি ভি প্যাটের উপর প্রশিক্ষন প্রদান করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

এদিকে করিমগঞ্জ জেলায় নির্বাচনের কাজে নিয়োজিত প্রথম পর্যায়ের নির্বাচনের ভোটদাতাদের পোস্টাল ব্যালট সংগ্রহের জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে বিজ্ঞপ্তি জারী করা হয়েছে । এই পর্যায়ের নির্বাচনের ভোটদাতাদের আগামী ১৪ এপ্রিল থেকে ১৮ই এপ্রিল সকাল দশটা থেকে বিকেল পাঁচটার মধ্যে করিমগঞ্জের জেলা আয়ুক্তের কার্যালয়ের ব্যালট পেপার সেল থেকে পোস্টাল ব্যালট সংগ্রহ করে ভোট দেবার আহ্বান জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

জনসাধারণের মধ্যে ভোটদান সম্পর্কে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন কার্য্যসূচী গ্রহন করা হচ্ছে । এদিকে গতকাল জেলা উন্নয়ন আয়ুক্ত ই এল ফাইরেনের পৌরহিত্যে জেলা আয়ুক্তের সভাকক্ষে আয়োজিত এক সভায় ভোট কর্মীদের পোষ্টাল ব্যালটে ভোট দান করার অনুরোধ জানানো হয়েছে । এছাড়া সভায় ভোটারদের জন্য নির্দিষ্ট শপথবাক্য পাঠ করা হয় ।

--------------------------------------------------------------------------------

কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা পি বি পি সেলের দায়িত্ব প্রাপ্ত আধিকারীক জানিয়েছেন যে অত্যাবশ্যকীয় সেবায় নিযুক্ত অনুপস্থিত ভোটারদের শিলচর লোকসভা আসনে পোষ্টাল ব্যালটে আগামী ১৯ , ২০ এবং ২১শে এপ্রিল ভোটদান ধার্য্য করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

এ আই ডি এস ও’র কাছাড় , করিমগঞ্জ জেলার এক প্রতিনিধি দল আজ আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে দেখা করে তাদের বিভিন্ন দাবী সম্বলিত একটি স্মারকপত্র প্রদান করেন ।স্মারকপত্রে সি ইউ ই টি পরীক্ষা কেন্দ্র করিমগঞ্জ , হাইলাকান্দি , হাফলং , ডিফু সহ বিভিন্ন জেলা সদরে স্থাপন করা , আধার কার্ড নাথাকা শিক্ষার্থীদের আবেদনের সুযোগ করে দেওয়া ,পরীক্ষার প্রশ্নপত্র বাংলা , মণিপুরী সহ অন্যান্য ভাষায় তৈরী করা , পরীক্ষা বীনা মাশুলে আয়োজন করা ইত্যাদির দাবী জানানো হয় ।

---------------------------------------------------------------------------